

প্রথম আলো

তারিখ: 18-DEC-2005  
পৃষ্ঠা: ৬ কাল: ২

## পশ্চিমবঙ্গে মাদ্রাসা শিক্ষা তেলে সাজাচ্ছে সরকার থাকবে ইংরেজি, বিজ্ঞান ও কম্পিউটার

অমর সূক্ষ্ম, কলকাতা

পশ্চিমবঙ্গের মাদ্রাসা শিক্ষাব্যবস্থাতে আধুনিক বৈজ্ঞানিক শিক্ষাব্যবস্থার আদলে তেলে সাজানো হচ্ছে। ইংরেজি ও বিজ্ঞানের পাশাপাশি থাকছে কম্পিউটার শিক্ষা। আর ধর্মীয় শিক্ষা কাটকুট করা হবে। আগামী ২০০৬-০৭ শিক্ষাবর্ষ থেকে চালু হবে নতুন এই শিক্ষাক্রম।

এর ফলে আলিম, ফাজিল, কামিল এবং এমএমএর পাঠ্যক্রমে ধর্মীয় শিক্ষার বিষয় কমিয়ে যোগ করা হবে যুগোপযোগী বিষয়। পশ্চিমবঙ্গে এখন সরকার স্বীকৃত মাদ্রাসার সংখ্যা ৭০০। এ ছাড়া রয়েছে অনির্ধনকৃত বহু মাদ্রাসা। বেওশোর শিক্ষা কার্যক্রমের ওপর সরকারের নিয়ন্ত্রণ নেই।

পশ্চিমবঙ্গের কমন্সল্ট সরকার মাদ্রাসা শিক্ষা বোর্ডের মাধ্যমে সব মাদ্রাসাকে শিক্ষার মূল প্রোডেন্ট ফেরানোর উদ্যোগ নিয়েছে। এই লক্ষ্যে সংস্থার 'অমিয়ত উল্যাময়ে বাংলা' মাদ্রাসার পাঠ্যক্রম ও পাঠ্যসূচি সম্পর্কে একটি সুপারিশমাল্য গত ২৩ নভেম্বর পাঠিয়েছে শিক্ষামন্ত্রীর কাছে। সেই সুপারিশমাল্য সরকার পাঠিয়ে দেয় মাদ্রাসা শিক্ষা বোর্ডে। বোর্ড তা গ্রহণ করে সংস্কারে উদ্যোগী হয়েছে।

এদিকে গত ০৬-বার কলকাতার পার্ক নার্কাস ময়দানে রাজ্য সংখ্যালঘু নিগম আয়োজিত মিলন মেলায় পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য বলেছেন, 'মাদ্রাসার শিক্ষাব্যবস্থা যুগোপযোগী করতে না পারলে সংখ্যালঘুরা পিছিয়ে পড়বে। তাই মূল প্রোডেন্ট আনতে হবে মাদ্রাসা শিক্ষাকে। আধুনিক করতে হবে। আরবির সঙ্গে বিজ্ঞান ও ইংরেজি পড়তে হবে। শিখতে হবে কম্পিউটার।' এ সময়ই

মাদ্রাসা শিক্ষা বোর্ডের সভাপতি আবদুল সাত্তার ঘোষণা দেন, আগামী ২০০৬-০৭ শিক্ষাবর্ষ থেকেই কার্যকর হবে পশ্চিমবঙ্গের মাদ্রাসা মূল্যে আধুনিক শিক্ষাব্যবস্থা। ইতিমধ্যে এ সংক্রান্ত নির্দেশনামা পাঠিয়ে দেওয়া হয়েছে মাদ্রাসায়।